# মানিকগঞ্জ পৌরসভা কার্যালয়, মানিকগঞ্জ

"শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন"

প্রশাসন বিভাগ
সাধারণ শাখা
www.manikganjpourashava.com

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৩-১০০৫ তারিখ ঃ ২০/০৯/২০২৩ খ্রি.

## মানিকগঞ্জ পৌরসভার পৌর পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী ঃ-

| | |
|---|---|
| সভার নম্বর | ঃ ৩৪ (তেত্রিশ) |
| সভাপতি | ঃ ঃ জনাব মোঃ রমজান আলী, মেয়র, মানিকগঞ্জ পৌরসভা |
| তারিখ | ঃ ঃ ২০ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি. |
| বার | ঃ ঃ রোজ বুধবার |
| সময় | ঃ ২.৩০ ঘটিকা |
| সভার স্থান | ঃ মানিকগঞ্জ পৌরসভার সভা কক্ষ |

**সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ ঃ**

০১। জনাব নাজমা আকতার, কাউন্সিলর, ০১নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০২। জনাব রাজিয়া সুলতানা, কাউন্সিলর, ২নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৩। জনাব জেসমিন আক্তার, কাউন্সিলর, ৩নং সংরক্ষিত ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৪। জনাব আবুল কালাম আজাদ, কাউন্সিলর, ০১নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৫। জনাব মোঃ নুরুল ইসলাম, কাউন্সিলর, ২নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৬। জনাব মোঃ তছলিম মিয়া, কাউন্সিলর, ০৩নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৭। জনাব মোঃ আরশেদ আলী বিশ্বাস, কাউন্সিলর, ৪নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৮। জনাব আব্দুর রাজ্জাক, কাউন্সিলর, ০৫নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
০৯। জনাব শায়েখ শিবলী, কাউন্সিলর, ৬নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১০। জনাব মোঃ কবির হোসেন, কাউন্সিলর, ৭নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১১। জনাব আবু মোঃ নাহিদ, কাউন্সিলর, ৮নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা
১২। জনাব উজ্জল হোসেন, কাউন্সিলর, ৯নং সাধারণ ওয়ার্ড, মানিকগঞ্জ পৌরসভা

সভার প্রারম্ভে মেয়র সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দদেরকে স্বাগত এবং শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকল সদস্যদেরকে পর্যায়ক্রমে গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনার জন্য অনুরোধ করেন এবং পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমানকে অদ্যকার সভার আলোচ্য সূচী উপস্থাপন পূর্বক সভার পরবর্তী কার্যক্রম গ্রহণের অনুরোধ জানান।

আলোচ্য সূচি-০১ ঃ **পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ-**

আলোচনা ঃ সভায় মেয়র কর্তৃক নির্দেশিত হয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ বজলুর রহমান পূর্ববর্তী ০৯/০৮/২০২৩ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী উপস্থিত সকলের উদ্দেশ্যে পাঠ করে শোনান। পৌর নির্বাহী কর্মকর্তা কর্তৃক পঠিত কার্যবিবরণীর উপর বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে দেখা

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

যায় বিগত সভার আলোচ্য সূচি বিবিধ- ১৩ তে যে প্রকল্প সমূহ অনুমোদন করা হয়েছে, উল্লেখিত প্রকল্প সমূহ পরিবর্তন করা প্রয়োজন। বিগত সভার আলোচ্য সূচি- ৪- এ বিভিন্ন স্থায়ী কমিটি পুনর্গঠন করা হয়েছে। উল্লেখিত কমিটির হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব আবু মোঃ নাহিদ, ০৮নং সাধারণ ওয়ার্ডের কাউন্সিলরকে করা হয়েছিল। উক্ত কমিটির সভাপতি পরিবর্তন আবশ্যক। মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব নাজমা আকতার ০১নং সংরক্ষিত ওয়ার্ডকে করা হয়েছিল যাহা পরিবর্তন আবশ্যক। পানি ব্যবস্থাপনা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ আরশেদ আলী বিশ্বাস, ০৪নং সাধারণ ওয়ার্ডকে করা হয়েছিল যাহা পরিবর্তন আবশ্যক। এবিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে উক্ত সভায় গৃহীত প্রকল্পের পরিবর্তে নিম্ন লিখিত প্রকল্প ও প্রাক্কলন সমূহ অনুমোদন পূর্বক সংশোধিত প্রকল্প ও প্রাক্কলন সমূহ অনুমোদন দেওয়ার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো এবং বিগত সভার ০৪ নং- আলোচ্য সূচির হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব আবু মোঃ নাহিদ এর পরিবর্তে জনাব মোঃ আরশেদ আলী বিশ্বাসকে, মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব নাজমা আকতার এর পরিবর্তে জনাব জেসমিন আক্তাকে এবং পানি ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সভাপতি জনাব মোঃ আরশেদ আলী বিশ্বাস এর পরিবর্তে জনাব আব্দুর রাজ্জাককে মনোনয়ন করার সংশোধিত সিদ্ধান্ত গৃহীত হলো।

প্রকল্প সমূহ ঃ-

| ক্রঃ নং | কাজের নাম | প্রাক্কলিত মূল্য | সেলভেজ |
|---|---|---|---|
| ০১ | উচুটিয়া দরবেশের বাড়ীর নিকট ৩-ভেন্ট বক্স কালভার্ট নির্মাণ কাজ। | ১,১০,০০,০০০.০০ | ০.০০ |
| ০২ | উচুটিয়া ওয়াজেদ কেরানীর বাড়ী হতে আলমগীরের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৩৬,৯৪,৮১৯.০০ | ০.০০ |
| ০৩ | নয়াকান্দি বাজার হতে আঃ সেলিমের বাড়ী হয়ে মেয়র মহোদয়ের পুরাতন বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ১,১৬,০৪,২১১.০০ | ০.০০ |
| ০৪ | বাংলাদেশ হাট রোডের উৎপাদক নলকূপ হতে রমজান আলী কলেজ হয়ে জাহিদের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ১৪,৮৮,২১৬.০০ | ০.০০ |
| ০৫ | বেলায়েত হোসেন খান রোডের ডক্টরস বাড়ী হতে উত্তর দিকে কালি মন্দির পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৩০,৯৭,৭০৫.০০ | ০.০০ |
| ০৬ | চরহিজুলী আঃ কুদ্দুসের বাড়ী হতে চরহিজুলী কবরস্থান পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ২৪,০০,১৪৬.০০ | ৫,৯০২.০০ |
| ০৭ | পশ্চিম সেওতা কুটু চৌধুরীরর বাড়ীর নিকট ব্রিজ হতে পশ্চিম সেওতা মেইন রাস্তা পর্যন্ত উন্নয়ন কাজ। | ৯,১৪,০২৭.০০ | ৫,৯০২.০০ |

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

| | | | |
|---|---|---|---|
| ০৮ | নারাঙ্গাই লতিফ মাদবরের বাড়ী হতে গোলন ড্রাইভারের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ৫৮,১০,৮২৫.০০ | ০.০০ |
| ০৯ | হিজুলী-শিববাড়ী রোডের চুনিতী বাড়ী হতে রহমতপুর মোড়ের নিকট মজিদের দোকান পর্যন্ত রাস্তা উন্নয়ন। | ৪৪,৭৬,৪৮১.০০ | ০.০০ |
| ১০ | নয়াকান্দি বাজারে পাবলিক টয়লেট নির্মাণ কাজ। | ৬,৫৩,২৫৭.০০ | ০.০০ |
| ১১ | চরহিজুলী উত্তরপাড়া কবরস্থানের বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ। | ১৬,৮৪,৭৪৩.০০ | ০.০০ |
| ১২ | নয়াকান্দি আফরোজা রমজান মহিলা মাদ্রাসা হতে সুইচ গেইট পর্যন্ত রাস্তা উন্নয়ন কাজ। | ১৮,৮৭,৩১৫.০০ | ০.০০ |
| ১৩ | বৈতরা সাজাহান দারোগার বাড়ী হতে উত্তর দিকে ব্রিজ পর্যন্ত বিসি রাস্তা সংস্কার কাজ। | ১২,৫২,২৫৫.০০ | ০.০০ |
| | সর্বমোট টাকার পরিমান- | ৫,০০,০০,০০০.০০ | ১১,৮০৪.০০ |

আলোচ্য সূচি-০২ ঃ **রাজস্ব আয় বৃদ্ধি সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত ঃ**

আলোচনা ঃ রাজস্ব আয়বৃদ্ধি সংক্রান্ত বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জানান বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী অর্থ বৎসরের শুরুতে পৌর হোল্ডিং কর সহ বিভিন্ন পৌর কর আদায়ের জন্য প্রাথমিক ভাবে সকল কার্যক্রম যথাযথ ভাবে শুরু করা হয়েছে। পৌর নিয়ম অনুযায়ী কর আদায় পদ্ধতি প্রয়োগ পূর্বক রাজস্ব আদায় বৃদ্ধির প্রচেষ্টা চালানো হচ্ছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উপস্থিত কাউন্সিলরগণ বলেন, IUGIP প্রকল্পের নিয়ম অনুযায়ী রাজস্ব আদায় বৃদ্ধির স্বার্থে পৌরকর আদায়ের জন্য সকল নিয়মাবলী অনুসরণ পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। যাহাতে কোন অবস্থাতেই প্রকল্পের নির্দেশনা অনুযায়ী ক্রাইটেরিয়া ও একটিভিটিসের কার্য্যক্রম ক্ষুন্ন না হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে পৌরকর আদায় কাজে প্রয়োজনীয় সকল কর্মকর্তা/কর্মচারীদের সম্পৃক্ত করে আদায় কার্যক্রম জোরদার করার এবং IUGIP প্রজেক্টের নির্দেশাবলী যথাযথ বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

আলোচ্য সূচি-৩ ঃ **উন্নয়ন খাতের ১ম কিস্তির বরাদ্দ উপস্থাপন ও প্রকল্প গ্রহণ ঃ-**

**আলোচনা** ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ- পৌর- ১ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.১৫.১৩১.২২-৯৫৭, তারিখঃ ২৩/০৮/২০২৩ খ্রি. এর বরাদ্দ আদেশ অনুযায়ী উন্নয়ন তহবিলের আওতায় মানিকগঞ্জ পৌরসভার উন্নয়ন কার্যক্রম বাস্তবায়নের জন্য ১ম কিস্তি বাবদ ১৯,০০,০০০/- (উনিশ লক্ষ টাকা) বরাদ্দ পাওয়া গিয়েছে। সে হিসেবে দেখা যায় বিগত সময়ের বরাদ্দ নীতিমালা অনুসারে সাধারণত ০৪ (চার) কিস্তিতে বরাদ্দ দিয়ে থাকে। তৎপরিপ্রেক্ষিতে মানিকগঞ্জ পৌসভায় সরকার কর্তৃক উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের জন্য সহায়তা বরদ্দ হিসেবে ১৯,০০,০০০ x ৪= ৭৬,০০,০০০/- (ছিয়াত্তুর লক্ষ) টাকা সাধারণ বরাদ্দ পাওয়া যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে মেয়র মহোদয় বলেন, বিশেষ বরাদ্দ পাওয়ার ক্ষেত্র এখনও তৈরী হয়নি। তাছাড়া সাধারণ বরাদ্দ পরিবর্তন হতে পারে। উল্লেখিত অর্থের বরাদ্দের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে যেহেতু সবেমাত্র অর্থ বৎসর শুরু হয়েছে এবং বিভিন্ন প্রকল্পের বরাদ্দকৃত কাজ চলমান রয়েছে তাই আরো কিছু দিন অপেক্ষা করে স্থানীয় সরকার মন্ত্রণালয়ের সর্বশেষ বরাদ্দ প্রদানের সময় পর্যন্ত অপেক্ষা করে প্রাপ্ত অর্থের প্রকল্প গ্রহণ করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

আলোচ্য সূচি-৪ ঃ **বিভিন্ন ওয়ার্ড কমিটির সুপারিশ উপস্থাপন ঃ-**

আলোচনা ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, মানিকগঞ্জ পৌরসভায় ৯টি ওয়ার্ডে ৯(নয়) টি ওয়ার্ড কমিটি বিভিন্ন সুপারিশ করেছে। উল্লেখিত সুপারিশ সমূহ পৌর পরিষদ সভায় আলোচনা পূর্বক ব্যবস্থা নেওয়া প্রয়োজন। এপ্রেক্ষিতে কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন। তারা বলেন ওয়ার্ড কমিটির সভাপতি হিসেবে প্রতিটি ওয়ার্ডের কাউন্সিলরগণ ওয়ার্ড কমিটির সভায় আলোচ্য বিষয়ে অবগত আছেন। যার প্রেক্ষিতে ওয়ার্ড কমিটির সুপারিশ অটোমেটিক ভাবে পৌর পরিষদ সভায় উপস্থাপন হয়। তার পরও ভুল বশত কোন আলোচ্য সূচি উপস্থাপিত না হলে পৌর পরিষদ সভায় উল্লেখিত আলোচ্য সূচি উপস্থাপন পূর্বক আলোচনার বিষয়ে আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ওয়ার্ড কমিটি কর্তৃক আলোচ্য বিষয় ও সুপারিশ সমূহ পৌর পরিষদ সভায় আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

আলোচ্য সূচি-৫ ঃ **বিভিন্ন স্থায়ী কমিটির সুপারিশ উপস্থাপন।**

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, মানিকগঞ্জ পৌরসভায় পৌর পরিষদকে বিভিন্ন কার্যক্রমে সহায়তা করার জন্য ১৭(সতের) টি স্থায়ী কমিটি রয়েছে। উল্লেখিত স্থায়ী কমিটির প্রতি ০৩(তিন) মাস পরপর সভা অনুষ্ঠিত হয় এবং উল্লেখিত সভায় বিভিন্ন সুপারিশ করা হয়। উল্লেখিত সুপারিশ সমূহ পৌর পরিষদ সভায় আলোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। এ বিষয়ে কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন। তারা জানান প্রতিটি স্থায়ী কমিটির সভাপতি ও সদস্যগণ পৌর পরিষদের সদস্য। যার কারণে উল্লেখিত কমিটির আলোচ্য বিষয় সমূহ পৌর পরিষদের সদস্যগণ অবগত। তাই উল্লেখিত কমিটির আলোচ্য সূচি পৌর পরিষদে আলাদা ভাবে উপস্থাপনের প্রয়োজনীয়তা নেই।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে কাউন্সিলরগণ কর্তৃক বিভিন্ন স্থায়ী কমিটির বিভিন্ন গুরুত্ব পূর্ণ বিষয় সমূহ পৌর পরিষদ সভায় উপস্থাপন পূর্বক বাস্তবায়নের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য সূচি-৬ ঃ **ডেঙ্গু নিয়ন্ত্রণ বিষয়ক আলোচনা ঃ**

আলোচনা ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, বাংলাদেশ সহ মানিকগঞ্জ পৌর এলাকায় ডেঙ্গু জ্বর ব্যাপক ভাবে বৃদ্ধি পেয়েছে। ডেঙ্গু নিয়ন্ত্রণে কার্যকর পদক্ষেপ ও জন-সচেতনতা আরো বৃদ্ধি করা প্রয়োজন। ডেঙ্গু ও মশক নিধন বাস্তবায়ন কর্মসূচির বিষয়ে প্রত্যেক কাউন্সিলর তার নিজ নিজ এলাকায় গুরুত্বপূর্ন স্থান সমূহ পরিষ্কার পরিচ্ছন্নতা করবেন ও মশক নিধন অভিযান পরিচালনা করবেন এবং জনগণকে সচেতন করার জন্য নির্ধারিত সভা করবেন মর্মে গত সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। ইতোমধ্যে স্বল্প সংখ্যক ওয়ার্ডে পরিস্কার পরিচ্ছন্নতা ও মশন নিধন অভিযান এবং সভা অনুষ্ঠান কার্যক্রম সম্পন্ন হয়েছে। যে সমস্ত ওয়ার্ডে উক্ত কার্যক্রম সম্পন্ন করা হয়নি, সে সমস্ত ওয়ার্ডে জরুরী ভিত্তিতে উল্লেখিত কার্যক্রম বাস্তাবায়নের জন্য মেয়রের মাধ্যমে অনুরোধ জানান। মেয়র, কাউন্সিলরদের উদ্দেশ্যে বলেন সে সমস্ত ওয়ার্ডে এখনো পরিস্কার পরিচ্ছন্নতা ও মশন নিধন অভিযান কার্যক্রম বাস্তবায়ন হয়নি সেসব ওয়ার্ড সমূহে জরুরী ভিত্তিতে পরিস্কার পরিচ্ছন্নতা ও মশন নিধন অভিযান কার্যক্রম বাস্তবায়ন করার

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

জন্য অনুরোধ করেন। ওয়ার্ড ভিত্তিক পরিষ্কার পরিচ্ছন্নতা ও মশক নিধন অভিযান এবং ডেঙ্গু রোগ প্রতিরোধ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। কাউন্সিলরগণ বলেন গত সভার সিদ্ধান্ত অনুযায়ী পরিস্কার পরিচ্ছন্নতা ও মশক নিধন অভিযান পরিচালনা করার জন্য বরাদ্দকৃত টাকা অগ্রীম দেওয়া প্রয়োজন। এ প্রসঙ্গে মেয়র বলেন গত সভার সিদ্ধান্ত অনুযায়ী উক্ত কাজ বাস্তবায়নের পর বিল দাখিল করা হলে পৌরসভার রাজস্ব তহবিল হতে বিল পরিশোধ করা হবে। ডেঙ্গু প্রতিরোধে জন-স্বার্থে কাউন্সিলরগণকে আরো সচেতন হওয়ার আহ্বান জানান।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে পৌরসভার যে সকল ওয়ার্ডে পরিস্কার পরিচ্ছন্নতা ও মশক নিধন অভিযান কার্যক্রম বাস্তবায়ন হয়নি সেসকল ওয়ার্ডে কাউন্সিলরদের উদ্যোগে অতিসত্তর পরিস্কার পরিচ্ছন্নতা ও মশক নিধন অভিযান এবং জনসচেতনতা মূলক সভার আয়োজন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

আলোচ্য সূচি-৭ ঃ **০-৪৫ দিনের শিশুদের জন্ম নিবন্ধন সংক্রান্ত আলোচনা ঃ**

আলোচনা ঃ সভায় অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, পৌর এলাকার সকল ০-১ বৎসরের শিশুদের জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করার জন্য প্রতিটি শিশুদের টিকা দেওয়ার পূর্বে জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করে সরকার পরিপত্র জারি করেছে। পরিপত্রটি সভায় উপস্থাপন করা হয়। পরিপত্রের নির্দেশনা অনুযায়ী ০-৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন বাধ্যতা মূলক করার জন্য ইউটিলিটি সার্ভিস সহজ করণ এবং পৌর কর আদায় না করে জন্ম নিবন্ধন দেওয়া যেতে পারে। এ বিষয়ে কাউন্সিলরগণ বিস্তারিত আলোচনা করেন এবং বলেন ০-৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন না করে টিকা না দেওয়া ও পৌর কর প্রয়োজনে বিশেষ কারনে বকেয়া রেখে জন্ম নিবন্ধন প্রদান করা যেতে পারে।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ০-৪৫ দিনের মধ্যে শিশুদের জন্ম নিবন্ধন বাধ্যতামূলক করার জন্য ব্যবস্থা গ্রহণের এবং প্রয়োজনে বিশেষ কারনে পৌর কর আদায় না করে জন্ম নিবন্ধন প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্য সূচি-৮ ঃ **আগস্ট, ২০২৩ মাসের হিসাব বিবরণী উপস্থাপন ও অনুমোদন**

আলোচনা ঃ সভায় পৌর নির্বাহী কর্মকর্তা আগস্ট ২০২৩ মাসের পৌরসভার রাজস্ব খাতে আয় ব্যায়ের হিসাব বিবরণী উপস্থাপন করেন। রাজস্ব খাতে প্রারম্ভিক জের সহ আয় হয়েছে ৪,০৩,৪২,৩৪৪.৬৩ (চারকোটি তিন লক্ষ বিয়াল্লি হাজার তিনশত চুয়াল্লিশ টাকা তেষট্টি পয়সা) ও ব্যায় হয়েছে ১,১৮,৮৩,৯৪৬/- (এককোটি আঠার লক্ষ তিরাশি হাজার নয়শত ছয়চল্লিশ) টাকা। উপস্থাপিত হিসাব বিবরণীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় কাউন্সিলরগণ বলেন আপ্যায়ন ও অপ্রত্যাশিত খাতে ব্যায় বৃদ্ধি পেয়েছে যা নিয়ন্ত্রণ করা প্রয়োজন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত আগস্ট ২০২৩ মাসের হিসাব বিবরণী অনুমোদন দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হলো এবং আপ্যায়ন ও অপ্রত্যাশিত খাতের ব্যায় কমানোর জন্য অনুরোধ করা হলো।

বিবিধ-০১ ঃ **বেওয়ারিশ লাশ দাফনের জন্য অগ্রীম টাকা উত্তোলন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ**

আলোচনা ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, মানিকগঞ্জ পৌরসভার কঞ্জারভেন্সী শাখার মাধ্যমে বিভিন্ন বেওয়ারিশ লাশ দাফনের কাজ সম্পন্ন করা হয়। বেওয়ারিশ লাশ সমূহ দাফন করতে নগদ অর্থের প্রয়োজন হয়। ইতোপূবে বেওয়ারিশ লাশ দাফনের পর বিল পরিশোধ করা হতো। বেওয়ারিশ লাশ দাফনের বকেয়া অর্থ উত্তোলনে সময়ের প্রয়োজন হয়। যে সব লোক বেওয়ারিশ লাশ দাফনের কাজ করে তারা একেবারেই দরিদ্র লোক তাদের পক্ষে নগদ টাকা খরচ করে লাশ দাফন করা কষ্ট সাধ্য।

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

এমনকি তারা নগদ টাকা ছাড়া লাশ দাফনের কাজ করতে সম্মত নন। তৎপরিপ্রেক্ষিতে বেওয়ারিশ লাশ দাফন কার্যক্রম বাস্তবায়ন করা সমস্যা হচ্ছে। এ প্রেক্ষিতে বেওয়ারিশ লাশ দাফনের জন্য অগ্রীম টাকা উত্তোলন পূর্বক নির্ধারিত সংখ্যার দাফন শেষে অগ্রীম সমন্বয় করার প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে কঞ্জারভেন্সী শাখার মাধ্যমে ০৫(পাঁচ) টি করে বেওয়ারিশ লাশ দাফনের জন্য নির্ধারিত অগ্রীম উত্তোলন পূর্বক সমন্বয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

বিবিধ-০২ ঃ **০৫(পাঁচ) টি ফগার মেশিন ক্রয় সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ঃ**

আলোচনা ঃ পৌর মেয়র সভাকে জানান যে, মানিকগঞ্জ পৌরসভায় ০৮(আট) টি ফকার মেশিন রয়েছে। উল্লেখিত মেশিন সমূহের মধ্যে ০৬(ছয়)টি মেশিন অকেজো হয়ে পড়েছে। দীর্ঘদিনের পুরাতন মেশিন দ্বারা মশক নিধন কার্যক্রম বাধাগ্রস্থ্য হচ্ছে। তাছাড়া উল্লেখিত মেশিন সমূহ মেরামত করে সচল করা সম্ভব হচ্ছেনা। তাই বর্তমান অবস্থায় ডেঙ্গু নিয়ন্ত্রণে মশক নিধন কর্মসূচির কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে নতুন কমপক্ষে ০৮(আট) ফগার মেশিন ক্রয় করা প্রয়োজন। এ বিষয়ে পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের পৌর-২ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৪.১৪.০৫২.১৪ (অংশ-১)/৯২৪ তারিখঃ ১৬/০৮/২০২৩ খ্রি. অনুসারে ডেঙ্গু নিয়ন্ত্রণে যন্ত্রপাতি ও ঔষধ ক্রয়ের নিমিত্তে উন্নয়ন তহবিলের আওয়াতায় ১ম কিস্তি হিসেবে ১,৮০,০০০/- (এক লক্ষ আশি হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। যাহা সাধারণত ০৪(চার)টি কিস্তিতে ১৮০০০০ x ৪ = ৭,২০,০০০০/- (সাত লক্ষ বিশ হাজার) টাকা বরাদ্দ পাওয়ার সম্ভাবনা রয়েছে এবং উল্লেখিত অর্থ ডেঙ্গু নিয়ন্ত্রণ যন্ত্রপাতি ও ঔষধ সামগ্রী ব্যতীত অন্য কাজে ব্যবহার করা যাবে না। বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উন্নয়ন তহবিলের আওতায় বরাদ্দ প্রাপ্ত টাকা হতে আপতত ০৫(পাঁচ) টি ফগার মেশিন ও ২০০০ (দুই হাজার) লিটার মশক নিধন ঔষধ পিপিআর ২০০৮ অনুসরণ পূর্বক ক্রয়ের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

বিবিধ-০৩ ঃ **জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সুপারিশ ও বাস্তবায়ন**

আলোচনা ঃ অত্র পৌরসভার পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভায় বাসস্ট্যান্ড হতে বেউথা রাস্তার বাসস্ট্যান্ড কাঁচা বাজারের পূর্ব পার্শ্বে ২৫০ শয্যা বিশিষ্ট মানিকগঞ্জ সদর হাসপাতালের প্রবেশ পথের দক্ষিন পার্শ্বে মানিকগঞ্জ টেকনিক্যাল স্কুলের প্রবেশ পথের উত্তর পার্শ্বে রাস্তার ধারে কাঁচা বাজারের ময়লা আবর্জনা জমা করা হয়। উল্লেখিত জমা স্থান হতে প্রতিদিন সকালে পৌরসভার নিয়জিত পরিচ্ছন্নতা কর্মীর মাধ্যমে উক্ত জমাকৃত ময়লা অপসারণ করা হয়। উল্লেখিত বিষয়টি নিয়ে সিভিল সার্জন ও টেকনিক্যাল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ আপত্তি উত্থাপন করেছেন। তাদের দাবি উল্লেখিত জায়গার পরিবর্তে অন্যত্র ময়লা আবর্জনা ফেলতে হবে। বিষয়টি নিয়ে জেলা উন্নয়ন কমিটির সভায় আলোচনা হয়েছে এবং যতদিন পর্যন্ত অন্যত্র স্থান নির্ধারণ না করা যায় ততদিন পর্যন্ত সকাল এবং বিকেলে ময়লা আবর্জনা অপসারণ পূর্বক স্থানটি পরিস্কার রাখার আলোচনা অনুষ্ঠিত হয়। জরুরী ভিত্তিতে ময়লা ফেলার অন্যত্র স্থান খোজার অনুরোধ জনিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। মানিকগঞ্জ বাসস্ট্যান্ডের কাঁচা বাজারের রাস্তায় এবং পৌরসভার খালপাড় ব্রীজ হতে শহীদ রফিক সড়ক হয়ে বাজার পর্যন্ত রাস্তায় ভ্যানের মাধ্যমে যান চলাচলের বিঘ্ন সৃষ্টি করে এবং জন-সাধারণের চলাচলে অসুবিধা করে হকারগণ বিভিন্ন ধরণের ব্যবসা পরিচালনা করেন। এতে জন দূর্ভোগ তৈরী হচ্ছে। যার

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

প্রেক্ষিতে উল্লেখিত রাস্তা সমূহে হকার মুক্ত করা বিশেষ প্রয়োজন। মানিকগঞ্জ পৌরসভার ডাম্পিং গ্রাউন্ডের জায়গা বর্ধিত করণ ও ময়লা আবর্জনা যাথাযথ ভাবে ডাম্পিং এর মাধ্যমে প্রক্রিয়া করণ বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় জানানো হয় প্রয়োজনে জমি ক্রয় পূর্বক ডাম্পিং গ্রউন্ড বর্ধিত করে বেশি পরিমান ময়লা আবর্জনা অপসারণ ও সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। উক্ত সভায় আরো জানানো হয় যে, মানিকগঞ্জ পৌরসভার বিভিন্ন রাস্তা হ্যালোবাইক অটো রিক্সার সংখ্যা বৃদ্ধি পেয়েছে। রাস্তায় যে পরিমান অটোবাইক/হ্যালোবাইক চলাচল করা দরকার তার চেয়ে দ্বিগুন পরিমান চলাচল করছে। তার পরিপ্রেক্ষিতে বেশির ভাগ সময়ে রাস্তায় যানজট লেগে থাকে। উল্লেখিত যানবাহন সমূহে চলাচলের পারমিশন দেওয়ার বিষয়ে আলোচনা অনুষ্ঠিত হয়। তা ছাড়া শহরের রাস্তা সমূহ উন্নয়ন কাজ বাস্তবায়নাধীন থাকায় চলাচলে অসুবিধার সৃষ্টি হচ্ছে। বাস্তবায়নাধীন কাজ দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করা প্রয়োজন। তাছাড়া পৌরসভার বিভিন্ন বহুতল ভবনে গ্যারেজ নির্মাণের জন্য জায়গা রাখা হয়েছে। উল্লেখিত জায়গায় গ্যারেজ নির্মাণ না করে বিভিন্ন দোকান/স্টোর নির্মাণ করা হয়েছে। যার প্রেক্ষিতে রাস্তায় প্রতিনিয়ত গাড়ি রেখে যানজট তৈরী করা হচ্ছে। এতে করে জনসাধারণের ভীষণ কষ্ট হচ্ছে। উপরোক্ত বিষয় সমূহ নিয়ে বিষয় বিস্তারিত আলোচনা করা হয়।

**সিদ্ধান্ত** ঃ বিস্তারিত আলোচনান্তে জেলা উন্নয়ন কমিটির সভায় পৌর সংশ্লিষ্ট বিষয় সমূহ পৌর পরিষদ সভায় আলোচনা পূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য নিম্ন লিখিত সিদ্ধান্ত সমূহ সর্ব সম্মতিক্রমে গৃহীত হলো।

(১) বাসস্ট্যান্ড কাঁচা বাজারের সামনে জমাকৃত ময়লা দিনে দুইবার অপসারণের এবং জেলা প্রশাসকের পরামর্শ মোতাবেক উক্ত স্থানের ময়লা ফেলার নতুন জায়গা নির্ধারনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

(২) বাসস্ট্যান্ড সুপার মার্কেট হতে শহীদ রফিক সড়ক হয়ে বাজার ব্রীজ পর্যন্ত রাস্তায় ভ্যানের মাধ্যমে বিভিন্ন হকারগণ ব্যবসা পরিচালনা করেন। যানজট নিরসন কল্পে উল্লেখিত হকারদের উচ্ছেদের জন্য মাইকিং করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

(৩) মানিকগঞ্জ পৌরসভার ডাম্পিং গ্রাউন্ডের জায়গা বৃদ্ধির জন্য জমি ক্রয়ের সুপারিশ সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

(৪) মানিকগঞ্জ পৌরসভা কর্তৃক নির্ধারিত পরিমান হ্যালোবাইক ও অটোরিক্সার লাইসেন্স প্রদান করার এবং অবৈধ হ্যালোবাইক ও অটোরিক্সা আইন শৃঙ্খলা বাহিনীর সহায়তায় আটকের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

(৫) বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নকারী ঠিকাদারকে সিডিউল মোতাবেক জরুরী ভিত্তিতে রাস্তার উন্নয়ন কাজ বাস্তবায়নের জন্য তাগিদ পত্র প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

(৬) পৌরসভার বিভিন্ন বহুতল ভবনে গ্যারজ নির্মাণের জন্য জায়গা রাখা হয়েছে। কিন্ত গ্যারেজ হিসেবে ব্যবহার না করে বিভিন্ন ধরনের ব্যবসা পরিচালনা করছে। উল্লেখিত ভবন মালিকদের ব্যবসা বন্ধ করার জন্য পত্র প্রদানের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।

**বিবিধ-০৪** ঃ **শহর সমন্বয় কমিটি (টিএলসিসি) সভার সুপারিশ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ**

**আলোচনা** ঃ পৌর নির্বাহী কর্মকর্তা সভাকে জানান যে, মানিকগঞ্জ পৌরসভায় শহর সমন্বয় কমিটি (টিএলসিসি) সভা নিয়মিত ভাবে অনুষ্ঠিত হচ্ছে। দাতা সংস্থা ও সরকারের বিভিন্ন দপ্তরের যে সমস্ত প্রকল্পে মানিকগঞ্জ পৌরসভা অন্তর্ভুক্ত হয়েছে, সে সমস্ত প্রকল্পের দিক নির্দেশনা সমূহ টিএলসিসি কমিটির সভায় আলোচনা হয়েছে এবং সুপারিশ প্রনয়ণ করা হয়েছে। উল্লেখিত দিক নির্দেশনা সমূহ ও টিএলসিসি কমিটির সুপারিশ যথাযথ বাস্তবায়ন করা IUGIP প্রকল্পের

ক্রাইটেরিয়া ও একটিভিটিস এর মধ্যে নিশ্চয়তা বিধানের স্বীকারক্তি প্রদানের জন্য বলা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয়।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে IUGIP প্রকল্পের ক্রাইটেরিয়া ও একটিভিটিস সমূহ টিএলসিসি কমিটির সুপারিশ অনুসারে বাস্তবায়ন করার নিশ্চয়তা বিধানের অঙ্গীকার করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।

পরিশেষে উপস্থিত সকল কাউন্সিলরদের সার্বিক সহযোগিতা কামনা করে এবং সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ রমজান আলী)
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা,মানিকগঞ্জ।
ফোন নম্বর ঃ ০২-৯৯৬৬১০৪০৩
E-mail:
manikganj_municipality@yahoo.com

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।

স্মারক নং- মাপৌ/ প্রশাঃ-সাধাঃ-২০২৩-১০০৫

তারিখ ঃ তারিখ ঃ ২০/০৯/২০২৩ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো ঃ-**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। জেলা প্রশাসক, মানিকগঞ্জ
০৩। উপ-পরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, মানিকগঞ্জ
০৪। জনাব.......................................................................কাউন্সিলর(সকল), মানিকগঞ্জ পৌরসভা
০৫। পৌর নির্বাহী কর্মকর্তা, মানিকগঞ্জ পৌরসভা
০৬। নির্বাহী প্রকৌশলী, মানিকগঞ্জ পৌরসভা
০৭। জনাব ............................................পদবি....................শাখা....................মানিকগঞ্জ পৌরসভা
০৮। প্রধান সহকারী, মানিকগঞ্জ পৌরসভাকে সংশ্লিষ্ট কার্যবিবরণী পৌরসভার নিজস্ব ওয়েব সাইটের নোটিশ বোর্ডে প্রকাশের জন্য বলা হলো
০৯। সংশ্লিষ্ট নথি

মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ

মোঃ রমজান আলী
মেয়র
মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ।